প্রথম আলো

তারিখ: 20 NOV 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ২

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি

# ডিসেম্বরের মধ্যে ১১ লাখ বই পাবে শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক ●

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচিতে অংশ নিয়ে নির্বাচিত শিক্ষার্থীদের মাঝে আগামী ডিসেম্বরের মধ্যে ১১ লাখ বই বিতরণ করা হবে। বইগুলো গতকাল রোববার বিশ্বসাহিত্য কেন্দ্রের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

বই হস্তান্তর উপলক্ষে গতকাল বিশ্বসাহিত্য কেন্দ্রের ইস্কেন্দিয়ার জাহেদ হাসান মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, সেকায়েপ প্রকল্পের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি সারা দেশে সুনামের সঙ্গে কাজ করছে। পিছিয়ে পড়া প্রতিষ্ঠানের মান বৃদ্ধির পাশাপাশি এই কর্মসূচির ফলে শিক্ষার্থীদের ঝরে পড়া অনেকাংশে কমেছে।

মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে এবং মাধ্যমিক শিক্ষার সামগ্রিক মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বিশ্বব্যাংকের সহায়তায় ২০০৮ থেকে ২০১৪ সাল পর্যন্ত দেশের ১২৫টি উপজেলায় 'সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)' বাস্তবায়ন করে। প্রথম পর্যায়ে প্রকল্পের সাফল্যের পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাংকের অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে প্রকল্প এলাকা আরও ৯০টি উপজেলায় সম্প্রসারণ ও দ্বিতীয় পর্যায়ে আরও ৩৫ উপজেলা সংযুক্ত করা হয়। আগামী ৩১ ডিসেম্বর প্রকল্পটির দ্বিতীয় পর্যায় শেষ হবে।

এই প্রকল্পের ১৩টি অংশের একটি পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি। ২০১০ সাল থেকে কর্মসূচিটি বাস্তবায়নের দায়িত্ব পালন করছে বিশ্বসাহিত্য কেন্দ্র।

বিশ্বসাহিত্য কেন্দ্র জানায়, কর্মসূচির আওতায় চলতি শিক্ষাবর্ষে ২৫০টি উপজেলার ১২ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ২২ লাখ শিক্ষার্থী বই পড়ায় অংশ নেয়। পরে মূল্যায়ন পরীক্ষায় অংশ নিয়ে প্রায় সাড়ে সাত লাখ শিক্ষার্থী বিভিন্ন বিভাগে পুরস্কারের জন্য নির্বাচিত হয়। গতকাল পাওয়া বইগুলো এই সাড়ে সাত লাখ শিক্ষার্থীর মাঝে বিতরণ করা হবে।

গতকালের অনুষ্ঠানে বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, মানুষ চিরদিন অতৃপ্ত। সমৃদ্ধি কখনো চট করে এক দিনে আসে না। বই পড়ার ক্ষমতা একটি বিশেষ ক্ষমতা। এটি থাকে সামান্য লোকের ভেতর।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সচিব সোহরাব হোসাইন বলেন, শিক্ষা ছাড়া কোনো ভালো স্বপ্ন বাস্তবায়ন করা সম্ভব নয়। তিনি কর্মসূচিতে অংশ নেওয়া শিক্ষার্থীসহ পুরস্কারের জন্য নির্বাচিতদের অভিনন্দন জানান।

সেকায়েপ প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব মো. মাহামুদ-উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এস এম ওয়াহিদুজ্জামান, পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির কো-টিম লিডার শরিফ মো. মাসুদ, ডেপুটি টিম লিডার (প্রোগ্রাম) মেসবাহ উদ্দিন আহমেদ বক্তব্য দেন।